রেজিস্টার্ড নং ডি এ-১

# বাংলাদেশ গেজেট

অতিরিক্ত সংখ্যা

কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

রবিবার, সেপ্টেম্বর ২২, ২০২৪

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

**মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়**

**প্রজ্ঞাপন**

তারিখ : ৩১ ভাদ্র, ১৪৩১ বঙ্গাব্দ/১৫ সেপ্টেম্বর, ২০২৪ খ্রিষ্টাব্দ

**এস, আর, ও নম্বর-৩১১-আইন/২০২৪**—মৎস্য সঙ্গনিরোধ আইন, ২০১৮ (২০১৮ সনের ৬৮ নং আইন) এর ধারা ৩২ এ প্রদত্ত ক্ষমতাবলে সরকার নিম্নরূপ বিধিমালা প্রণয়ন করিল, যথা :—

১। **শিরোনাম**—এই বিধিমালা মৎস্য সঙ্গনিরোধ বিধিমালা, ২০২৪ নামে অভিহিত হইবে।

২। **সংজ্ঞা**—বিষয় বা প্রসঙ্গের পরিপন্থি কোনো কিছু না থাকিলে, এই বিধিমালায়—

(১) **"অধিদপ্তর"** অর্থ মৎস্য অধিদপ্তর;

(২) **"আইন"** অর্থ মৎস্য সঙ্গনিরোধ আইন, ২০১৮ (২০১৮ সনের ৬৮ নং আইন);

(৩) **"আমদানি অনুমতিপত্র"** অর্থ বিধি ৮ এ উল্লিখিত অনুমতি পত্র;

(৪) **"ক্রায়োপ্রিজার্ভড"** অর্থ ভবিষ্যতে মৎস্য প্রজননের জন্য অতি নিম্ন তাপমাত্রায় (– ৮০ ডিগ্রি সেলসিয়াসের নিচে বা বিশেষভাবে – ১৪০ ডিগ্রি সেলসিয়াস এর নিচে) সংরক্ষণ করা উহার কোনো কোষ, কলা বা অংগ;

(৫) **"ক্ষমতাপ্রাপ্ত কর্মকর্তা"** অর্থ এই বিধিমালার উদ্দেশ্য পূরণকল্পে মহাপরিচালক কর্তৃক ক্ষমতাপ্রাপ্ত কর্মকর্তা;

(৬) **"তফসিল"** অর্থ এই বিধিমালার তফসিল;



**মূল্য** : টাকা ২৪.০০

(৭) **"নিবন্ধিত হ্যাচারি"** অর্থ মৎস্য হ্যাচারি বিধিমালা, ২০১১ এর অধীনে নিবন্ধিত হ্যাচারি;

(৮) **"প্রজননক্ষম মৎস্য (Brood Fish)"** অর্থ পূর্ণ বয়স্ক পুরুষ বা স্ত্রী মৎস্য যাহার শুক্রাণু বা ডিম্বাণু আকারে পুরুষ বা স্ত্রী গোনাড (Gonad) আছে এবং যাহা প্রাজনন কাজে ব্যবহার উপযোগী বা ব্যবহার করা হয়;

(৯) **"ফরম"** অর্থ এই বিধিমালার ফরম;

(১০) **"বাহারি মৎস্য"** অর্থ তফসিল-৩ এ উল্লিখিত বাহারি মৎস্য প্রজাতি বা উহাদের জীবনচক্রের যে কোনো অবস্থা;

(১১) **"মহাপরিচালক"** অর্থ মৎস্য অধিদপ্তরের মহাপরিচালক, যিনি আইনের ধারা ৫ এর বিধান অনুসারে সকল বা যে কোনো ক্ষমতা প্রয়োগের ক্ষেত্রে মৎস্য সঙ্গনিরোধ কর্তৃপক্ষ হিসাবে গণ্য হইবেন;

(১২) **"মৎস্য বীজ"** অর্থ নিষিক্ত ডিম্ব, রেণু (spawn), পোনা এবং চিংড়ির ক্ষেত্রে পোস্ট লার্ভি বা প্যারেন্ট পোস্ট লার্ভি;

(১৩) **"লট"** অর্থ আমদানিকৃত পণ্যের একটি কনসাইনমেন্টের সম্পূর্ণ বা অংশবিশেষ যাহা রপ্তানিকারক কর্তৃক প্যাকিং দ্রব্যাদি দ্বারা মোড়কজাত করা এবং একটি নির্দিষ্ট সময় বা তারিখে প্রস্তুতকৃত বা উৎপাদিত;

(১৪) **"সঙ্গনিরোধ স্টেশন"** বিধি ১৪ তে উল্লিখিত সঙ্গনিরোধ স্টেশন; এবং

(১৫) **"স্বাস্থ্য সনদ"** অর্থ রপ্তানিকারী দেশের উপযুক্ত কর্তৃপক্ষ কর্তৃক রপ্তানিতব্য প্রজননক্ষম মৎস্য, মৎস্যবীজ, নিষিক্ত ডিম্ব, বা ডিম্বাণু বা শুক্রাণু বা টিস্যু বা ক্রায়োপ্রিজার্ভড এবং উপকারী জীবাণু এর স্বাস্থ্যগত ঝুঁকি সম্পর্কে প্রদত্ত বা অনুমোদিত নির্দিষ্ট সনদ।

(২) এই বিধিমালায় ব্যবহৃত যে সকল শব্দ বা অভিব্যক্তির সংজ্ঞা প্রদান করা হয় নাই, সেই সকল শব্দ বা অভিব্যক্তি আইনে যে অর্থে ব্যবহৃত হইয়াছে সেই অর্থে এই বিধিমালায় প্রযোজ্য হইবে।

৩। **প্রজননক্ষম মৎস্য বা মৎস্য বীজ এবং উপকারী জীবাণু, ইত্যাদি আমদানি**—(১) আইনের ধারা ৯ এর উপ-ধারা (১) এর বিধান সাপেক্ষে নিম্নবর্ণিত উদ্দেশ্যে তফসিল-১ এ উল্লিখিত প্রজননক্ষম মৎস্য, মৎস্য বীজ, ডিম্বাণু, শুক্রাণু, টিস্যু বা ক্রায়োপ্রিজার্ভড এবং তফসিল-২ এ উল্লিখিত উপকারী জীবাণু আমদানি করা যাইবে, যথা:—

(ক) নিবন্ধিত হ্যাচারিতে প্রজননক্ষম মৎস্য, মৎস্য বীজ, ডিম্বাণু, শুক্রাণু, টিস্যু বা ক্রায়োপ্রিজার্ভড উৎপাদন; এবং

(খ) সরকার কর্তৃক স্বীকৃত কোনো শিক্ষা বা গবেষণা প্রতিষ্ঠান কর্তৃক প্রজননক্ষম বা মৎস্য বীজ বা গবেষণা ও শিক্ষা কার্যক্রমে ব্যবহার।

(২) আমদানিতব্য মৎস্য বা উপকারী জীবাণুর যে জাত বা প্রজাতি বাংলাদেশে স্থানীয়ভাবে চাষ বা লালন পালন করা হয় না অথবা তফসিল-১ এ উল্লেখ করা হয় নাই এইরূপ মৎস্য জাত বা প্রজাতি আমদানির জন্য সুপারিশ প্রদানের জন্য নিম্নবর্ণিত সদস্য সমন্বয়ে একটি কমিটি থাকিবে, যথা:—

(ক) মৎস্য অধিদপ্তরের অতিরিক্ত মহাপরিচালক, যিনি উক্ত কমিটির আহ্বায়ক হইবেন;

(খ) প্রাণিসম্পদ অধিদপ্তরের কেন্দ্রীয় ভেটেরিনারি হাসপাতালের পরিচালক;

(গ) বাংলাদেশ মৎস্য গবেষণা ইনস্টিটিউশন কর্তৃক মনোনীত উহার অন্যূন মূখ্য বৈজ্ঞানিক কর্মকর্তা পর্যায়ের একজন কর্মকর্তা;

(ঘ) সরকার কর্তৃক মনোনীত কোনো পাবলিক বিশ্ববিদ্যালয়ের মৎস্য অনুষদ বা বিভাগের একজন শিক্ষক;

(ঙ) সরকার কর্তৃক মনোনীত একজন নিবন্ধিত মৎস্য হ্যাচারির মালিক; এবং

(চ) মৎস্য অধিদপ্তরের উপ-পরিচালক (মৎস্য চাষ), যিনি উক্ত কমিটির সদস্য সচিব হইবেন।

(৩) উপ-বিধি (২) এর দফা (ঘ) ও (ঙ) এ উল্লিখিত মনোনীত সদস্যগণের মেয়াদ ও শর্তাদি সরকার কর্তৃক নির্ধারিত হইবে এবং উহাদের মনোনয়ন আদেশে উক্ত মেয়াদ ও শর্তাদি উল্লেখ থাকিতে হইবে।

(৪) উপ-বিধি (২) এ উল্লিখিত কমিটি আমদানিতব্য মৎস্য বা উপকারী জীবাণুর যে জাত বা প্রজাতি বাংলাদেশে স্থানীয়ভাবে চাষ বা লালন পালন করা হয় না উহা তফসিল-১ এ অন্তর্ভুক্ত করিবার সুপারিশ করিতে পারিবে।

৪। **বাহারি মৎস্য আমদানি**।—(১) আমদানি অনুমতিপত্র ব্যতীত রেণু ও পোনা উৎপাদনের জন্য নিবন্ধিত হ্যাচারি ব্যতীত অন্য কোনো ব্যক্তি বাণিজ্যিক উদ্দেশ্যে সরাসরি বিক্রয় বা লালন পালনের জন্য কোনো প্রজাতির বাহারি মৎস্য আমদানি করিতে পারিবেন না।

(২) একটি আমদানি অনুমতিপত্রের বিপরীতে তফসিল-৩ এ বর্ণিত প্রতিটি প্রজাতির অনধিক ২০০ (দুইশত) টি বাহারি প্রজননক্ষম মৎস্য আমদানি করা যাইবে।

(৩) মহাপরিচালক কর্তৃক নির্দেশিত পদ্ধতিতে আমাদিনকারক হ্যাচারি মালিক বাহারি মৎস্যের মজুদ, উহার পোনা ও পূর্ণ বয়স্ক বাহারি মৎস্য বিক্রয়ের তথ্য সংরক্ষণ করিবেন এবং চাহিদা অনুযায়ী অনুরূপ তথ্য মহাপরিচালক বা তদকর্তৃক মনোনীত কর্মকর্তার নিকট দাখিল করিবেন বা ইলেকট্রনিক ডাটা ম্যানেজমেন্ট সিস্টেমের মাধ্যমে প্রেরণ করিবেন।

(৪) মহাপরিচালক এই বিধিমালা জারির পর অনতিবিলম্বে বাহারি মৎস্যের পোনা উৎপাদন, উহার হ্যাচারি ব্যবস্থাপনা, ব্যবহৃত পানি এবং মৃত বা অপসারণযোগ্য বাহারি মৎস্য নিষ্পত্তির বিষয়ে নির্দেশমালা প্রস্তুত করিয়া প্রকাশ করিবেন এবং সময়ে সময়ে, হালনাগাদ করিবেন।

(৫) অধিদপ্তর বাহারি মৎস্যের হ্যাচারির মালিক ও পালনকারীদের প্রয়োজনীয় প্রশিক্ষণের ব্যবস্থা করিতে পারিবে।

(৬) জীবিত বা মৃত কোনো বাহারি মৎস্য নদী, খাল, বিল বা নদী সংযোগকারী কোনো নালায় ছাড়িয়া বা ফেলিয়া দেওয়া যাইবে না।

(৭) মৎস্য সঙ্গানিরোধ কর্মকর্তা বা ক্ষমতাপ্রাপ্ত কর্মকর্তার নিকট কোনো বাহারি মৎস্য প্রাকৃতিক মৎস্য সম্পদ বা চাষকৃত মৎস্য সম্পদের জন্য ক্ষতিকর বলিয়া প্রতীয়মান হইলে; অথবা কোনো বাহারি মৎস্য মহাপরিচালক কর্তৃক প্রজ্ঞাপন জারির মাধ্যমে নিষিদ্ধ ঘোষণা করা হইলে; অথবা তফসিল-৩ এর অন্তর্ভুক্ত না হইলে; অথবা এই বিধিমালায় বর্ণিত পদ্ধতি ব্যতীত আমদানি করা হইলে, উহা যেখানে বা যে অবস্থায় পাওয়া যাইবে উহা আটক করিয়া মাটিতে পুতিয়া ধ্বংস করিতে হইবে এবং উক্ত কার্যক্রম বিষয়ে একটি প্রতিবেদন মহাপরিচালকের নিকট দাখিল করিতে হইবে।

(৮) উপ-বিধি (৭) এর অধীন আটক বাহারি মৎস্য ধ্বংস করা হইলে উহার মালিক বা আমদানিকারক বা হ্যাচারি মালিক কোনো ক্ষতিপূরণ দাবি করিতে পারিবেন না।

৫। **মৎস্য পণ্য আমদানি, ইত্যাদি**।—(১) আমদানিকারক মৎস্য পরিবহনকারী যানবাহন বন্দরে পৌঁছাইবার অন্যূন ১৫ (পনেরো) দিন পূর্বে আমদানিকৃত মৎস্য পণ্যের বিবরণসহ যানবাহনের তথ্যাদি এখতিয়ারসম্পন্ন মৎস্য সঙ্গানিরোধ কর্মকর্তাকে লিখিতভাবে অবহিত করিবেন।

(২) মৎস্য পণ্য আমদানির ক্ষেত্রে বন্দরে আগত জাহাজ বা উহাতে রক্ষিত কনটেইনারে সংরক্ষিত মৎস্য পণ্য আমদানি করা হইলে মৎস্য সঙ্গানিরোধ কর্মকর্তা উহা পরিদর্শন করিতে পারিবেন এবং পরিদর্শনকালে উক্ত মৎস্য পণ্য আমদানি সংশ্লিষ্ট কাগজাদি যাচাই ও ভৌতমান বিষয়ে মতামতসহ মহাপরিচালক বা ক্ষমতাপ্রাপ্ত কর্মকর্তাকে লিখিতভাবে বা ইলেকট্রনিক ডাটা ম্যানেজমেন্ট সিস্টেমের মাধ্যমে অবহিত করিবেন এবং পরীক্ষার জন্য বিনা মূল্যে নমুনা সংগ্রহ করিতে পারিবেন।

(৩) মহাপরিচালক বা ক্ষমতাপ্রাপ্ত কর্মকর্তা উপ-বিধি (২) এ উল্লিখিত মৎস্য পণ্য বিষয়ে কোনো কার্যক্রম পরিচালনার জন্য মৎস্য সঙ্গানিরোধ কর্মকর্তাকে কোনো লিখিত আদেশ প্রদান করিলে মৎস্য সঙ্গানিরোধ কর্মকর্তা উহা প্রতিপালন করিবেন।

৬। **উপকারী জীবাণু (Probiotics) আমদানি**।—মৎস্য খাদ্য বিধিমালা, ২০১১ এর তফসিলে উল্লেখ নাই এইরূপ কোনো উপকারী জীবাণু এই বিধিমালার তফসিলে উল্লেখ থাকিলে উহা মৎস্য খাদ্য বিধিমালা, ২০১১ এ বর্ণিত পদ্ধতিতে আমদানি করা যাইবে।

৭। **মৎস্য বা উপকারী জীবাণুর মোড়ক, কার্টন বা পাত্র চিহ্নিতকরণ, ইত্যাদি**।—(১) মহাপরিচালক মৎস্য, মৎস্য বীজ বা উপকারী জীবাণু বা বাহারি মৎস্য সংরক্ষণ করিবার বা পরিবহন করিবার উদ্দেশ্যে পরিবেশ বান্ধব এবং প্রকৃতিতে সহজে পচনযোগ্য মোড়ক, কার্টন বা পাত্রের আকার এবং উহা প্রস্তুতের উপকরণ অনুমতিপত্রে নির্দিষ্ট করিয়া দিতে পারিবেন।

(২) আমদানির ক্ষেত্রে উপ-বিধি (১) এ বর্ণিত মোড়ক, কার্টন বা পাত্রের বহিরাবরণ বা লেবেলে স্পষ্টভাবে ইংরেজি এবং রপ্তানিকারক দেশের নিজ ভাষা বা বাংলা ভাষায় নিম্নবর্ণিত তথ্য লিখিত থাকিতে হইবে, যথাঃ—

(ক) প্রজননক্ষম মৎস্য, মৎস্য বীজ বা উপকারী জীবাণু বা বাহারি মৎস্যের বা ডিম্বাণু বা শুক্রাণু বা টিস্যু বা ক্রায়োপ্রিজার্ভড যে মৎস্য হইতে সংগৃহীত উহার সাধারণ নাম ও বৈজ্ঞানিক নাম;

(খ) রপ্তানিকারক দেশের উৎপাদনকারী হ্যাচারির নাম, এলাকা এবং ক্ষেত্রমত, প্রক্রিয়াজাতকরণ প্রতিষ্ঠানের নাম ও ওয়েবসাইটসহ ঠিকানা;

(গ) প্যাকেটে রক্ষিত মৎস্য বা উপকারী জীবাণুর মোট সংখ্যা বা ওজন, প্রতিটির বা ক্ষেত্রমত গড় আকার বা ওজন ও বয়স (দিন) এবং উপকারী জীবাণুর নিষ্কাষিত বা প্রকৃত ওজন (কিলোগ্রাম বা গ্রাম বা টন) বা সংখ্যায় প্রকাশযোগ্য হইলে সংখ্যায়;

(ঘ) প্যাকিং করিবার তারিখ, ক্ষেত্রমত, যে তাপমাত্রায়, পানিতে অক্সিজেনের মাত্রায়, পানির পিএইচ ($P^H$) এ, লবণাক্ততা বা মৎস্য পণ্যের ক্ষেত্রে প্রক্রিয়াজাতকরণের প্রতিটি ধাপের তারিখ এবং সংরক্ষণযোগ্য তাপমাত্রা, আর্দ্রতা এবং আলোর তীব্রতা ও ব্যবহার উপযোগিতার মেয়াদ; এবং

(ঙ) সরাসরি অক্ষরে বা পাঠোদ্ধারযোগ্য ই-কোডে শিফট কোড, ব্যাচ ও লট নম্বর।

(৩) প্রজননক্ষম মৎস্য বা বাহারি মৎস্যের ক্ষেত্রে উহার চাষের পদ্ধতি এবং ডিম্বাণু, শুক্রাণু বা টিস্যু বা ক্রায়োপ্রিজার্ভডের ক্ষেত্রে উহার সংগ্রহ বা ব্যবহার পদ্ধতিসহ পুস্তিকা প্রকাশ করিয়া বিতরণ করিতে হইবে।

(৪) মৎস্য, মৎস্য বীজ বা বাহারি মৎস্য বহনকারী পরিবহনের চালক বা স্কিপার বা ক্যাপটেন স্বাস্থ্য সনদসহ আনুষাঙ্গিক দলিলাদি কাস্টমস কর্মকর্তা বা বন্দর কর্তৃপক্ষ বা মৎস্য সঙ্গনিরোধ কর্মকর্তা কর্তৃক চাহিবামাত্র প্রদর্শন করিবেন।

৮। **আমদানি অনুমতিপত্রের আবেদন, অসম্মতি, ইত্যাদি**।—(১) আইনের উদ্দেশ্য পূরণকল্পে কোনো মৎস্য, মৎস্য পণ্য (ডিম্বাণু বা শুক্রাণু বা টিস্যু বা ক্রায়োপ্রিজার্ভড) বা উপকারী জীবাণু এবং প্যাকিং দ্রব্যাদি আমদানি ও রপ্তানি প্রধান নিয়ন্ত্রকের দপ্তর হইতে ইস্যুকৃত বৈধ ইমপোর্ট রেজিস্ট্রেশন সার্টিফিকেট (আইআরসি) ব্যতীত আমদানি করা যাইবে না।

(২) মৎস্য, মৎস্য পণ্য ও উপকারী জীবাণু আমদানি করিবার লক্ষ্যে আমদানি অনুমতিপত্রের জন্য মহাপরিচালক বা ক্ষমতাপ্রাপ্ত কর্মকর্তা বরাবর তফসিল-৪ এর ফরম-১ অনুযায়ী, সরাসরি বা নির্ধারিত ইলেকট্রনিক ডাটা ম্যানেজমেন্ট সিস্টেমের মাধ্যমে আবেদন করিতে হইবে।

(৩) মহাপরিচালক বা ক্ষমতাপ্রাপ্ত কর্মকর্তা উপ-বিধি (১) এর অধীন আবেদন প্রাপ্তির অনধিক ৩০ (ত্রিশ) দিনের মধ্যে আবেদনপত্র ও উহার সহিত সংযুক্ত কাগজাদি যাচাইক্রমে সন্তুষ্ট হইলে আবেদনকারী কর্তৃক আবেদনে উল্লিখিত ইমেইল বা ঠিকানা বা মাধ্যমে তফসিল-৪ এর ফরম-২ বা ফরম-৩ অনুযায়ী আমদানি অনুমতিপত্র ইস্যু করিবেন।

(৪) উপ-বিধি (৩) এর অধীন ইস্যুকৃত আমদানি অনুমতিপত্রের কপি ইলেকট্রনিক ডাটা ম্যানেজমেন্ট সিস্টেমের মাধ্যমে সংশ্লিষ্ট এখতিয়ারসম্পন্ন সঙ্গানিরোধ কর্মকর্তার নিকট প্রেরণ এবং মৎস্য অধিদপ্তরের ওয়েব পেজে প্রদর্শনের ব্যবস্থা গ্রহণ করিতে হইবে।

(৫) বিধি ৯ এ উল্লিখিত আমদানি অনুমতিপত্রের আবেদন তফসিল-৪ এর ফরম-১ অনুযায়ী অসম্পূর্ণ বা উহাতে উল্লিখিত নির্ধারিত কাগজাদি সংযুক্ত না করা হইলে বা সরকারের লিখিত কোনো নির্দেশনা থাকিলে, মহাপরিচালক বা ক্ষমতাপ্রাপ্ত কর্মকর্তা আবেদন গ্রহণ বা আমদানি অনুমতিপত্র প্রদানে অসম্মতি জ্ঞাপন করিতে পারিবেন।

(৬) মহাপরিচালক বা ক্ষমতাপ্রাপ্ত কর্মকর্তা আমদানি অনুমতিপত্র প্রদানে অসম্মতি জ্ঞাপন করিলে উহার কারণসহ বা, ক্ষেত্রমত, কারণ উল্লেখ ব্যতীত, আবেদনকারীকে তফসিল-৪ এর ফরম-৪ অনুযায়ী লিখিতভাবে বা ইলেকট্রনিক ডাটা ম্যানেজমেন্ট সিস্টেমের মাধ্যমে অবহিত করিতে হইবে এবং উক্ত অসম্মতির বিষয় সংশ্লিষ্ট মৎস্য সঙ্গানিরোধ কর্মকর্তাকেও অবহিত করিতে হইবে।

৯। **আমদানি অনুমতিপত্রের মেয়াদ, ইত্যাদি**।—(১) আমদানি অনুমতিপত্রের মেয়াদ হইবে উহা প্রদানের তারিখ হইতে অনধিক ১৮০ (একশত আশি) দিন :

তবে শর্ত থাকে যে, কোনো কারণে উক্ত মেয়াদের মধ্যে আমদানি করিতে অসমর্থ হইলে আমদানিকারক মহাপরিচালক বরাবরে কারণ উল্লেখপূর্বক উহার মেয়াদ বৃদ্ধির জন্য আবেদন করিতে পারিবেন।

(২) উপ-বিধি (১) এর অধীন আবেদন প্রাপ্তির পর মহাপরিচালকের নিকট উপযুক্ত প্রতীয়মান হইলে তিনি অতিরিক্ত অনধিক ৯০ (নব্বই) দিন পর্যন্ত আমদানি অনুমতিপত্রের মেয়াদ বৃদ্ধি করিতে পারিবেন।

(৩) উপ-বিধি (১) ও (২) এ যাহা কিছুই থাকুক না কেন আমদানি অনুমতিপত্রের শর্ত ভঙ্গ করিলে বা কোনো বিশেষ পরিস্থিতির উদ্ভব হইলে বা মৎস্য স্বাস্থ্য সমস্যার উদ্ভব হইলে বা মহামারির আশঙ্কা থাকিলে বা যুক্তিসঙ্গত বৈজ্ঞানিক কারণে মহাপরিচালক বা তাঁহার অনুমোদন সাপেক্ষে ক্ষমতাপ্রাপ্ত কর্মকর্তা যে কোনো কারণে আমদানি অনুমতিপত্রের মেয়াদ হ্রাস করিতে বা বাতিল করিতে পারিবেন।

১০। **পরিদর্শন, পরীক্ষা ও নমুনা সংগ্রহ, ইত্যাদি**।—(১) মৎস্য সঙ্গানিরোধ কর্মকর্তা বন্দরে মৎস্য, মৎস্য পণ্য এবং উপকারী জীবাণুবাহী যানবাহন আগমন বিষয়ে আমদানিকারক বা বন্দর কর্তৃপক্ষ বা দায়িত্বরত কাস্টমস কর্মকর্তা কর্তৃক অবহিত হইলে, উহা পরিদর্শনের জন্য সংশ্লিষ্ট বাহন বা কনটেইনার বা গুদামে প্রবেশ করিবেন এবং আমদানিকারক ও ক্ষমতাপ্রাপ্ত কর্মকর্তা কর্তৃক সরবরাহকৃত কাগজাদির আলোকে উহা যাচাই করিবেন।

(২) উপ-বিধি (১) অনুযায়ী যাচাইকালে—

(অ) আমদানিকৃত মৎস্য, মৎস্য পণ্য এবং উপকারী জীবাণু বাহ্যিকভাবে স্বাস্থ্য সনদ অনুসারে সুস্থ প্রতীয়মান হইলে আমদানিকারককে নিজস্ব ব্যবস্থাপনায় সঙ্গানিরোধ করিবার পরামর্শ প্রদান করিবেন এবং আমদানিকারকের অনুকূলে উহা ছাড়করণের

জন্য কাস্টমস কর্মকর্তাকে লিখিতভাবে বা ইলেকট্রনিক ডাটা ম্যানেজমেন্ট সিস্টেমের মাধ্যমে অবহিত করিবেন এবং উহার অনুলিপি লিখিতভাবে বা ইলেকট্রনিক ডাটা ম্যানেজমেন্ট সিস্টেমের মাধ্যমে আমদানিকারকসহ মহাপরিচালক বরাবর প্রেরণ করিতে হইবে; এবং

(আ) আমদানিকৃত মৎস্য, মৎস্যপণ্য এবং উপকারী জীবাণু বাহ্যিকভাবে যথাক্রমে অসুস্থ বা উপযুক্ত প্রতীয়মান না হইলে বা কোনো ক্ষতিকারক জীবাণু বিদ্যমান প্রতীয়মান হইলে কনসাইনমেন্টে মৎস্য, মৎস্য পণ্য এবং উপকারী জীবাণু তাৎক্ষণিকভাবে সরকারি সঙ্গানিরোধ স্টেশনে প্রেরণের ব্যবস্থা করিতে হইবে এবং সঙ্গানিরোধ স্টেশনের দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা, কাস্টমস কর্তকর্তা এবং আমদানিকারক বা তাহার প্রতিনিধিসহ মহাপরিচালককে লিখিতভাবে বা ইলেকট্রনিক ডাটা ম্যানেজমেন্ট সিস্টেমের মাধ্যমে অবহিত করিতে হইবে।

(৩) উপ-বিধি (২) এর দফা (অ) এ উল্লিখিত আমদানিকারকের নিজস্ব ব্যবস্থাপনায় সঙ্গানিরোধকালে মহাপরিচালক বা ক্ষমতাপ্রাপ্ত কর্মকর্তা বিষয়টি তদারকি করিতে পারিবেন।

(৪) কাস্টমস কর্তকর্তা উপ-বিধি (২) অনুযায়ী অবহিত হইবার সাথে সাথেই প্রাপ্য শুল্ক আদায়ক্রমে মৎস্য, মৎস্য পণ্য এবং উপকারী জীবাণু আমদানিকারীর অনুকূলে ছাড় করিবেন।

(৫) ক্ষমতাপ্রাপ্ত কর্মকর্তা সঙ্গানিরোধের মেয়াদ অতিক্রান্ত হইলে, ঝুঁকি মুক্ত হওয়া সাপেক্ষে, সঙ্গানিরোধ কর্মকর্তাকে অবহিত করিয়া আমদানিকারক বা তাহার প্রতিনিধির অনুকূলে উপ-বিধি (১) এ উল্লিখিত মৎস্য, মৎস্যপণ্য ও উপকারী জীবাণু ছাড় করিবেন এবং মৎস্য সম্পদের জন্য ঝুঁকিমুক্ত না হইলে মাটিতে পুতিয়া ধ্বংস করিবেন।

১১। **রোগসংক্রমিত মৎস্য, মৎস্যপণ্য এবং উপকারী জীবাণু আটকাদেশ, ইত্যাদি।**—(১) স্বাস্থ্য সনদ ব্যতীত মৎস্য, মৎস্যপণ্য এবং উপকারী জীবাণু আমদানি করা হইলে বা স্বাস্থ্য সনদ দাখিল করিতে ব্যর্থ হইলে মৎস্য সঙ্গানিরোধ কর্মকর্তা কাস্টমস কর্মকর্তাকে লিখিতভাবে বা ইলেকট্রনিক ডাটা ম্যানেজমেন্ট সিস্টেমের মাধ্যমে অবহিত করিয়া, সম্পূর্ণ কনসাইনমেন্ট প্যাকেটসহ মাটিতে পুতিয়া ধ্বংস করিবেন এবং অনুরূপ নিষ্পত্তির বিষয় মহাপরিচালক এবং আমদানিকারককে লিখিতভাবে অবহিত করিবেন।

(২) মৎস্য, মৎস্যপণ্য এবং উপকারী জীবাণু বন্দরে আনয়ন করা হইলে এবং উহা মৎস্য সম্পদের রোগ জীবাণু পোষণকারী হিসাবে বৈজ্ঞানিকভাবে স্বীকৃত হইলে বা মৎস্য সঙ্গানিরোধ কর্মকর্তার নিকট উপযুক্ত বিজ্ঞানভিত্তিক কারণে সন্দেহযুক্ত প্রতীয়মান হইলে, সংক্রমিত না হইলেও উহা আটক করা যাইবে এবং উপ-বিধি (১) অনুযায়ী নিষ্পত্তি করিতে হইবে।

(৩) মৎস্য সঙ্গানিরোধ কর্মকর্তা আমদানিতব্য বা আমদানিকৃত মৎস্য, মৎস্যপণ্য বা উপকারী জীবাণু—

(ক) রোগ জীবাণু পোষণকারী হিসাবে সন্দেহযুক্ত বা সংক্রমিত মৎস্য, মৎস্যপণ্য বা উপকারী জীবাণু বন্দরে আগত হইবে মর্মে তথ্যপ্রাপ্ত হইলে; বা

(খ) কোনো রোগাক্রান্ত এলাকা হইতে আমদানি করা হইতেছে মর্মে কোনো প্রতিবেদন প্রাপ্ত হইলে উক্তরূপ বহনকারী যান বন্দরে প্রবেশ বা উহাতে রক্ষিত মৎস্য, মৎস্যপণ্য এবং উপকারী জীবাণুর কনটেইনার বা প্যাকেট অবতরণের অনুমতি প্রদান না করিবার জন্য এবং প্রবেশ বা অবতরণ করিলে কনটেইনার বা প্যাকেটসহ যানবাহনকে রপ্তানিকারি দেশে ফেরত পাঠাইবার জন্য লিখিতভাবে বন্দর কর্তৃপক্ষ ও কাস্টমস কর্মকর্তাকে লিখিতভাবে বা ইলেকট্রনিক ডাটা ম্যানেজমেন্ট সিস্টেমের মাধ্যমে অবহিত করিবেন এবং উহার অনুলিপি মহাপরিচালককে প্রেরণ করিবেন।

১২। **সম্মতিক্রমে বা অসম্মতিক্রমে মৎস্য, মৎস্যপণ্য এবং উপকারী জীবাণু নিষ্পত্তি।**—(১) বন্দর কর্তৃপক্ষ বা কাস্টমস কর্মকর্তা কোনো ব্যক্তির সম্মতিক্রমে বা অসম্মতিতে বন্দরে আগত কোনো মৎস্য, মৎস্যপণ্য ও উপকারী জীবাণুপ্রাপ্ত হইলে উহা আটক করিবেন এবং তাৎক্ষণিকভাবে বন্দরে কর্মরত মৎস্য সঙ্গনিরোধ কর্মকর্তাকে অবহিত করিবেন।

(২) উপ-বিধি (১) অনুযায়ী আটককৃত মৎস্য মৎস্যপণ্য এবং উপকারী জীবাণুর দাবিদার পাওয়া না গেলে এবং আন্তর্জাতিক বা আঞ্চলিক কোনো সংস্থা বা সংশ্লিষ্ট দেশের সরকার কর্তৃক সংক্রামক রোগাক্রান্ত হিসাবে ঘোষিত দেশ বা এলাকা হইতে আমদানি করা হইলে, মৎস্য সঙ্গনিরোধ কর্মকর্তা উহা নিজ দায়িত্বে গ্রহণপূর্বক মাটির নিচে পুতিয়া ধ্বংস করিবেন এবং বিষয়টি মহাপরিচালককে লিখিতভাবে বা ইলেকট্রনিক ডাটা ম্যানেজমেন্ট সিস্টেমের মাধ্যমে অবহিত করিবেন।

(৩) উপ-বিধি (২) এ উল্লিখিত মৎস্য, মৎস্যপণ্য এবং উপকারী জীবাণুর দাবিদার স্বাস্থ্য সনদ উপস্থাপনে সমর্থ হইলে বা এমন কোনো দেশ আন্তর্জাতিক বা আঞ্চলিক কোনো সংস্থা বা সংশ্লিষ্ট দেশের সরকার কর্তৃক সংক্রামক রোগাক্রান্ত হিসাবে ঘোষিত এলাকা হইতে আমদানি করা হইয়াছে, তাহা হইলে মৎস্য সঙ্গনিরোধ কর্মকর্তা উহা নিজ দায়িত্বে গ্রহণপূর্বক আইন ও এই বিধিমালা অনুসারে সঙ্গনিরোধের প্রয়োজন হইলে উহা সঙ্গনিরোধ স্টেশনে প্রেরণ করিবেন, অন্যথায় ছাড়করণের জন্য সংশ্লিষ্ট কাস্টমস কর্মকর্তাকে লিখিতভাবে বা ইলেকট্রনিক ডাটা ম্যানেজমেন্ট সিস্টেমের মাধ্যমে অবহিত করিবেন এবং মহাপরিচালককে অনুলিপি প্রেরণ করিবেন।

(৪) গবেষণার জন্য আমদানিকৃত আটককৃত মৎস্য, মৎস্যপণ্য এবং উপকারী জীবাণু রোগাক্রান্ত হইলে রোগজীবাণু প্রবেশ নিরোধক পাত্রে প্যাকিং করিয়া দাবিদারের অনুকূলে ছাড় করিবার জন্য কাস্টমস কর্মকর্তাকে লিখিতভাবে অবহিত করিবেন এবং মহাপরিচালককে অনুলিপি প্রদান করিতে হইবে।

১৩। **ফিস ও মাসুল।**—আমদানিকৃত মৎস্য, মৎস্যপণ্য উপকারী জীবাণু বা প্যাকিং দ্রব্যাদি পরিদর্শন, ধ্বংস, অপসারণ বা শোধনের জন্য তফসিল-৫ এ বর্ণিত ফি ও মাসুল প্রযোজ্য হইবে।

১৪। **মৎস্য সঙ্গনিরোধ স্টেশন স্থাপনায় সুবিধাদি, ইত্যাদি।**—(১) সরকার, নিম্নবর্ণিত সুবিধাদিসহ, মৎস্য সঙ্গনিরোধ স্টেশন স্থাপন করিবে, যথাঃ—

(ক) অন্যূন ৪ (চার) টি ভিন্ন প্রজাতির প্রজননক্ষম মৎস্য বা উহার পোনা বা রেণুর স্বাস্থ্য যাচাইয়ের উপযুক্ত পরিবেশসহ ল্যাবরেটরি-কাম-লালন পালন কক্ষ;

(খ) সঙ্গনিরোধ স্টেশন চত্বরসহ কক্ষসমূহের অবকাঠামো ও জৈবিক নিরাপত্তা;

(গ) মৎস্য, মৎস্যপণ্য এবং উপকারী জীবাণু স্পষ্টভাবে পর্যবেক্ষণ করিবার জন্য কক্ষে পর্যাপ্ত আলো এবং প্রজাতিভিত্তিক তাপমাত্রা ও আর্দ্রতা নিয়ন্ত্রণের ব্যবস্থা;

(ঘ) মৎস্য বা পোনা বা রেণু বা চিংড়ি বা উহার পোস্টলার্ভি বা প্যারেন্ট পোস্টলার্ভি বা সঙ্গানিরোধের জন্য একই চত্বরে পৃথক কক্ষ কাম ল্যাবরেটরি;

(ঙ) কক্ষে প্রবেশ এবং বাহির হইবার ও মৎস্য, মৎস্যপণ্য এবং উপকারী জীবাণু গ্রহণের জন্য পৃথক প্রবেশ পথ;

(চ) নিষ্কাশিত পানি বাহিরে স্থাপিত ট্যাংকে জমা হইবার সুযোগ এবং পরিশোধন ব্যতীত কোনো জলাশয় বা রাস্তায় বা লোকালয়ে নিষ্কাশনরোধ;

(ছ) প্রজননক্ষম বা মৎস্য বীজ বা বাহারি মৎস্যের বা ডিম্বাণু বা শুক্রাণু বা টিস্যু বা ক্রায়োপ্রিজার্ভড বা, ক্ষেত্রমত, মৎস্যপণ্য এবং উপকারী জীবাণু পরীক্ষা ও পর্যবেক্ষণের জন্য সকল প্রকার যন্ত্র এবং রাসায়নিক দ্রব্যাদির সরবরাহ;

(জ) সঙ্গানিরোধকালীন জাত বা প্রজাতি বিবেচনায় মৎস খাদ্য ও রোগভেদে একোয়াটিক ভেটেরিনারি ঔষধ ও ব্যবস্থাপনার জন্য একোয়াকালচার মেডিসিনাল প্রোডাক্টস (Aquaculture Medicinal Products) সংরক্ষণ ও সরবরাহের ব্যবস্থা; এবং

(ঝ) মহাপরিচালক বা ক্ষমতাপ্রাপ্ত কর্মকর্তা কর্তৃক এতদুদ্দেশ্যে নির্ধারিত উপযুক্ত জ্ঞানসম্পন্ন ও দক্ষ জনবল।

(২) জাতিসংঘের খাদ্য ও কৃষি সংস্থা (Food and Agriculture Organization) এবং বিশ্ব পশু স্বাস্থ্য সংস্থা (World Organization for Animal Health) এর গাইড লাইন অনুসারে মহাপরিচালক বা ক্ষমতাপ্রাপ্ত কর্মকর্তা সঙ্গানিরোধ স্টেশন নির্মাণকালে উহার কাঠামো, আকারসহ যে কোনো সুবিধাদি অন্তর্ভুক্ত করিতে পারিবেন এবং উহা বা উহার অভ্যন্তরে প্রতিটি কাজ বিবেচনা করিয়া উহা পরিচালনার জন্য নিম্নবর্ণিত বিষয়াদি অন্তর্ভুক্ত করিয়া একটি ম্যানুয়াল এবং প্রয়োজনীয় আদর্শ পরিচালনা পদ্ধতি [Standard Operation Procedure] প্রস্তুত করিতে পারিবেন, যথা:—

(ক) মৎস্যের প্রজাতিভিত্তিক সঙ্গানিরোধকাল;

(খ) পদ্ধতি পরিচালনার আদর্শমান;

(গ) বর্জ্য ব্যবস্থাপনা;

(ঘ) নিষ্কাশিত পানি নির্জীবকরণ ও নিষ্পত্তি;

(ঙ) অন্তঃপ্রবাহি পানি শোধন;

(চ) যন্ত্রাদি নির্জীবকরণ;

(ছ) মৃত প্রাণি নিষ্পত্তিকরণ;

(জ) প্যাকেট নিষ্পত্তিকরণ;

(ঝ) পরিষ্কার-পরিচ্ছন্নতা;

(ঞ) জীবিত মৎস্য হ্যান্ডিলিং;

(ট) বহিঃরোগের প্রকোপ;

(ঠ) রেকর্ড ব্যবস্থাপনা;

(ড) চৌবাচ্চা তথ্য শীট;

(ঢ) ভৌত ও জৈব নিরাপত্তা ব্যবস্থাপনা; এবং

(ণ) সঙ্গানিরোধ সনদ বা স্বাস্থ্য সনদ।

(৩) মহাপরিচালক সঙ্গানিরোধ ব্যবস্থাপনার জন্য উপযুক্ত অন্য যে কোনো ব্যবস্থা গ্রহণ বা কার্য সম্পাদনের জন্য লিখিত আদেশ প্রদান করিতে পারিবেন।

(৪) সঙ্গানিরোধকাল অতিক্রান্ত হইলে সঙ্গানিরোধ স্টেশনের ক্ষমতাপ্রাপ্ত কর্মকর্তা সঙ্গানিরোধের অধীন মৎস্য, মৎস্যপণ্য এবং উপকারী জীবাণুর পর্যবেক্ষণেপ্রাপ্ত স্বাস্থ্যগত তথ্যেরভিত্তিতে প্রস্তুতকৃত তফসিল-৪ এর ফরম-৫ অনুযায়ী ছাড়পত্রের কপি নিজ দপ্তরে সংরক্ষণ করিবেন এবং উহার অনুলিপি আমদানিকারক ও সংশ্লিষ্ট সঙ্গানিরোধ কর্মকর্তার নিকট ইলেকট্রনিক ডাটা ম্যানেজমেন্ট সিস্টেমের মাধ্যমে প্রেরণ করিবেন।

**ব্যাখ্যা:** "সঙ্গানিরোধ সনদ" অর্থ সঙ্গানিরোধ স্টেশনে রাখিয়া আমদানিতব্য বা আমদানিকৃত প্রজননক্ষম মৎস্য, মৎস্যবীজ, নিষিক্ত ডিম্ব, বা ডিম্বাণু বা শুক্রাণু বা টিস্যু বা ক্রয়োপ্রিজার্ভড এবং উপকারী জীবাণুর স্বাস্থ্যগত ঝুঁকি পরীক্ষা করিয়া মহাপরিচালক কর্তৃক নির্দিষ্টকৃত ফরমে জারীকৃত বা তথ্য সংবলিত সনদ।

১৫। **ইলেকট্রনিক ডাটা ম্যানেজমেন্ট সিস্টেমের ব্যবহার।**—এই বিধিমালার বিভিন্ন বিধিতে উল্লিখিত এবং সরকার বা মহাপরিচালক কর্তৃক, সময় সময়ে, নির্ধারিত অন্যান্য কার্যাদি ইলেকট্রনিক ডাটা ম্যানেজমেন্ট সিস্টেমের মাধ্যমে সম্পন্ন করা যাইবে।

**তফসিল-১**

**[বিধি ৩(১) দ্রষ্টব্য]**

প্রজননক্ষম মৎস্য, পোনা, রেণু ও চিংড়ির পোস্ট লার্ভি ও প্যারেন্ট পোস্ট লার্ভি, নিষিক্ত ডিম্ব বা ডিম্বাণু বা শুক্রাণু বা টিসু বা ক্রায়োপ্রিজার্ভড

| মৎস্য | সাধারণ নাম | বৈজ্ঞানিক নাম |
|---|---|---|
| (১) | (২) | (৩) |
| প্রজননক্ষম বা পোনা বা রেণু বা চিংড়ি | Nile Tilapia | *Oreochromis niloticus* |
| | Pangas | *Pangasius pangasius* |
| | Black Tiger Shrimp | *Penaeus monodon* |
| | Vannamei Shrimp | *Litopenaeus vannamei* |
| | Asian Sea-bass/Coral | *Lates calcarifer* |

**তফসিল-২**

**(বিধি ৩(১) দ্রষ্টব্য)**

**উপকারী জীবাণু (Probiotics)**

| ক্রমিক নম্বর | বৈজ্ঞানিক নাম |
|---|---|
| (১) | (২) |
| ১। | *Bacillus subtilis* |
| ২। | *Bacillus licheniformis* |
| ৩। | *Bacillus megaterium* |
| ৪। | *Bacillus polymyxa* |
| ৫। | *Bacillus pumilus* |
| ৬। | *Lactobacillus casei* |
| ৭। | *Lactobacillus reuteri* |
| ৮। | *Lactobacillus rhamonosus* |
| ৯। | *Lactobacillus acidophilus* |
| ১০। | *Lactobacillus bulgaricus* |
| ১১। | *Lactobacillus delbrueckii* |
| ১২। | *Thiobacillus ferroxidans* |
| ১৩। | *Thiobacilusthioxidans* |
| ১৪। | *Enterococcus diacetylactis* |
| ১৫। | *Enterococcus faecium* |
| ১৬। | *Sachromyces cerevisiae* |
| ১৭। | *Sachromycesboulardii* |
| ১৮। | *Aspergillus niger* |
| ১৯। | *Aspergillus Oryzae* |
| ২০। | *Bifidobacterium bifidum* |
| ২১। | *Pediococcusacidilactici* |
| ২২। | *Acetobacter Xylinum* |
| ২৩। | *Vibrio alginolyticus* |
| ২৪। | *Nitrobacter* |
| ২৫। | *Nitrosomonas* |
| ২৬। | *Lactococcus lactis* |
| ২৭। | *Rhodococcus sp.* |
| ২৮। | *Rhodobacter sp.* |
| ২৯। | *Rhodomonas sp.* |
| ৩০। | *Tetraselmissuecica* |
| ৩১। | *Trichoderma reesei* |

**তফসিল-৩**
**(বিধি ৪(২) দ্রষ্টব্য)**
**বাহারি মৎস্য (Ornamental Fish)**

| ক্রমিক নম্বর | সাধারণ নাম | বৈজ্ঞানিক নাম |
|---|---|---|
| (১) | (২) | (৩) |
| ১। | Albino Rainbow Shark | *Labeofrenatus* |
| ২। | Emerald Cichild/Parrot Fish | *Cichlasoma temporalis* |
| ৩। | Angel Fish | *Pterophyllumscalare* |
| ৪। | Black Ghost | *Apteronotusalbifrons* |
| ৫। | Black Neon Tetra | *Hyphessobryconherbertaxelrodi* |
| ৬। | Black Ruby Barb | *Puntius nigrofasiatus* |
| ৭। | Black Shark | *Labeochrysophekadion* |
| ৮। | Bleeding Heart Tetra | *Hyphessobryconerythrostigma* |
| ৯। | Blood Parrot Cichlids | *Cichlasomasynspilum* |
| ১০। | Blue Betta | *Betta smaragdina* |
| ১১। | Blue Discus | *Symphysodonaequifasciataaxelrodi* |
| ১২। | Blue Gourami | *Trichogastertrichopterus* |
| ১৩। | Blue Loach | *Botiarubripinnis* |
| ১৪। | Blue Oranda | *Carassius auratus* |
| ১৫। | Blue Power Tang | *Acanthurus leucosternon* |
| ১৬। | Bubble Eye Gold | *Carassius auratus* |
| ১৭। | Butterfly Fish | *Chaetodon ephippium/* |
| ১৮। | Cardinal Tetra | *Paracheirodonaxelrodi* |
| ১৯। | Celestial Gold | *Carassius auratus* |
| ২০। | Clown Barb | *Barbodeseveretti* |
| ২১। | Clown Loach | *Botiamacracantha* |

| ক্রমিক নম্বর | সাধারণ নাম | বৈজ্ঞানিক নাম |
|---|---|---|
| (১) | (২) | (৩) |
| ২২। | Convict Cichlid | *Cichlasomanigrofaciatum* |
| ২৩। | Demsel fish | *Abudefduf bicolor* |
| ২৪। | Discus | *Symphysodon discus/* |
| ২৫। | Dwarf-chained Loach | *Botiasidthimunki* |
| ২৬। | Dwarf Cichlid | *Apistogramma luelingi* |
| ২৭। | Dwarf Gourami | *Trichogasterlalius* |
| ২৮। | Dwarf Rasbora | *Rasbora maculata* |
| ২৯। | Elegant Firefish | *Nemateleotris decora* |
| ৩০। | Fighting Fish | *Betta splendens* |
| ৩১। | Fire Clown Fish | *Amphiprionmelanopus* |
| ৩২। | Fire Goby | *Nemateleotrismagnifica* |
| ৩৩। | Firemouth cichlid | *Cichlasomameeki* |
| ৩৪। | Fliament Barb | *Barbus conchonius* |
| ৩৫। | Flower horn | *Amphilophuslabiatus* |
| ৩৬। | Giant Gourami | *Osphronemusgoramy* |
| ৩৭। | Gold fish | *Carassius auratus* |
| ৩৮। | Gold Spotted Tetra | *Hyphessobrycongriemi* |
| ৩৯। | Golden Line Rasbora | *Rasbora agilis* |
| ৪০। | Green Line Rasbora | *Rasbora beauforti* |
| ৪১। | Green Neon Tetra | *Paracheirodonsimulans* |
| ৪২। | Green terror | *Aequidensrivulatus* |
| ৪৩। | Guppy | *Poecilia reticulata* |
| ৪৪। | Harlequin Rasbora | *Rasbora heteromorpha* |

| ক্রমিক নম্বর | সাধারণ নাম | বৈজ্ঞানিক নাম |
|---|---|---|
| (১) | (২) | (৩) |
| ৪৫। | High Fin Sucker | *Myxocyprinus asiaticus* |
| ৪৬। | Humphead Wrasse | *Cheilinus undulatus* |
| ৪৭। | Koi Carp | *Cyprinus carpio* |
| ৪৮। | Lemon Tetra | *Hyphessobryconpulchripinis* |
| ৪৯। | Longfin Rosy Barb | *Barbus conchonius* |
| ৫০। | Molly/Live Bearers | *Poecilialatipinna* |
| ৫১। | Moolight Gourami | *Trichogastermicrolepis* |
| ৫২। | Neon Tetra | *Paracheirodoninnesi* |
| ৫৩। | Orange Clown Fish | *Amphiprionpercula* |
| ৫৪। | Orange-Finned | *Loach Botiamodesta* |
| ৫৫। | Oscar Cichild | *Astronotus ocellatus* |
| ৫৬। | Peacock bass | *Cichlasomaocellaris* |
| ৫৭। | Pearl Gourami | *Trichogasterleeri* |
| ৫৮। | Pearl Scale Gold | *Carassius auratus* |
| ৫৯। | Phantom Tetra | *Hyphessobryconmegalopterus* |
| ৬০। | Platy Xiphophorus | *Maculatus* |
| ৬১। | Rainbow Shark | *Labeoerythrurus* |
| ৬২। | Red & White | *Ryukins Carassius auratus* |
| ৬৩। | Red Cap Oranda | *Carassius auratus* |
| ৬৪। | Red Oranda | *Carassius auratus* |
| ৬৫। | Red parrot | *Hoplarchuspsittacus* |
| ৬৬। | Red Ryukins | *Carassius auratus* |
| ৬৭। | Red terror | *Cichlasomafestae* |

| ক্রমিক নম্বর | সাধারণ নাম | বৈজ্ঞানিক নাম |
|---|---|---|
| (১) | (২) | (৩) |
| ৬৮। | Redtail Black Shark | *Labeo bicolor* |
| ৬৯। | Redtail Rasbora | *Rasbora borapetensis* |
| ৭০। | Rosy Tetra | *Hyphessobryconornatus* |
| ৭১। | Royal Angelfish | *Pygoplytesdiacanthus* |
| ৭২। | Scissortail Rasbora | *Rasbora trilineata* |
| ৭৩। | Serpae Tetra | *Hyphessobryconserpae* |
| ৭৪। | Short Tail | *Betta imbellis* |
| ৭৫। | Silver Loach | *Botialecontei* |
| ৭৬। | Silver Shark | *Balantiocheilosmelanopterus* |
| ৭৭। | Skunk Loach | *Botiamorleti* |
| ৭৮। | Slender Gold Rasbora | *Rasbora einthovenii* |
| ৭৯। | Snake Skin Gourami | *Trichogaster Pectoralis* |
| ৮০। | Sunset Anthias | *Pseudanthiasparvirostris* |
| ৮১। | Sword Tail | *Xiphophorus helleri* |
| ৮২। | Texas Chchlid | *Cichlasomacarpinte* |
| ৮৩। | Thick-lipped Gourami | *Trichogasterlabiosa* |
| ৮৪। | Tiger Barb | *Puntius tetrazona* |
| ৮৫। | Tinfoil Barb | *Puntius schwanenfeldi* |
| ৮৬। | Trout Cichlid | *Cichlasomacitrinellum* |
| ৮৭। | Twotone Tang | *Zebrasoma scopas* |
| ৮৮। | Yellow Face Angelfish | *Pomacanthusxanthometopon* |
| ৮৯। | Yellowtail Emperor | *Lethrinuscrocineous* |
| ৯০। | Yellowtail Rasbora | *Rasbora dusonensis* |
| ৯১। | Zebra Barb | *Rasbora pauciperforata* |
| ৯২। | Zebra Loach | *Botia striata* |

**তফসিল-৪**
**ফরম-১**
**(বিধি ৮(২) দ্রষ্টব্য)**

**প্রজননক্ষম বা মৎস্য বীজ বা বাহারি মৎস্যের বা ডিম্বাণু বা শুক্রাণু বা টিস্যু বা ক্রায়োপ্রিজার্ভড আমদানি অনুমতি পত্রের জন্য আবেদন**

বরাবর
মহাপরিচালক/ক্ষমতাপ্রাপ্ত কর্মকর্তা
মৎস্য অধিদপ্তর
......................................

বিষয় : ...................................... আমদানির অনুমতিপত্রের জন্য আবেদন।

আমি নিম্নবর্ণিত প্রজননক্ষম/মৎস্য বীজ/বাহারি মৎস্য/ডিম্বাণু/শুক্রাণু/টিস্যু ক্রায়োপ্রিজার্ভড আমদানির উদ্দেশ্যে মৎস্য সঙ্গনিরোধ বিধিমালা, ২০২৪ এর বিধি মোতাবেক আমদানি অনুমতিপত্রের প্রদানের জন্য অনুরোধ করিতেছি:-

১. প্রজননক্ষম/মৎস্য বীজ/বাহারি মৎস্য/ডিম্বাণু/শুক্রাণু/টিস্যু/ক্রায়োপ্রিজার্ভড এর-

| সাধারণ নাম | বৈজ্ঞানিক নাম |
|---|---|

| | | | |
|---|---|---|---|
| ২. | (ক) প্রতিটির আকার/ওজন বা গড় আকার/ওজন (গ্রাম/মিলিমিটার)- | : | ............................ |
| | (খ) মোট যে পরিমাণে বা সংখ্যক আমদানি করা হইবে (গ্রাম/কিলোগ্রাম/ মিলিমিটার/সেন্টিমিটার) | : | ............................ |
| | (গ) বয়স (দিন) | : | ............................ |
| ৩. | আমদানিকারি হ্যাচারির নাম, ঠিকানা ও রেজিস্ট্রেশন নং/গবেষণা প্রতিষ্ঠানের নাম ও ঠিকানা | : | ............................ |
| ৪. | উৎপাদনকারী হ্যাচারী বা প্রতিষ্ঠানের/প্রক্রিয়াকরণ ল্যাবরেটরির নাম ও ঠিকানা (ওয়েবসাইট ও ই-মেইলসহ) | : | ............................ |
| ৫. | রপ্তানিকারকের নাম ও ঠিকানা (ওয়েবসাইট ও ই-মেইলসহ) | : | ............................ |
| ৬. | শিপিং ও বাংলাদেশে বন্দরে আগমনের সম্ভাব্য তারিখ | : | ............................ |
| ৭. | আমদানির উদ্দেশ্য (পোনা/রেণু/চিংড়ির পি এল বা পিপি এল/অন্যান্য যদি থাকে) | : | ............................ |
| ৮. | পরিবহনের ধরন (বিমান/সামুদ্রিক জাহাজ/ট্রাক বা কাভার্ড ভ্যান/রেল) | : | ............................ |
| ৯. | (ক) বহির্গমন বন্দর | : | ............................ |
| | (খ) আগমন বন্দর | : | ............................ |
| ১০. | আমদানিকারি অ্যাজেন্ট নিয়োগ করিলে উহার নাম ও ঠিকানা | : | ............................ |
| ১১. | যে ঠিকানায় বা ই-মেইলে আমদানি অনুমতিপত্র পাইতে ইচ্ছুক | : | ............................ |
| ১২. | সর্বশেষ যে তারিখে যে পরিমাণ প্রজননক্ষম মৎস্য/মৎস্য বীজ/বাহারি মৎস্য/ডিম্বাণু/শুক্রাণু/টিস্যু/ক্রায়োপ্রিজার্ভড/মৎস্যপণ্য/উপকারি জীবাণু আমদানি করা হইয়াছে: | . | ............................ |
| ১৩. | রপ্তানিপূর্ব রপ্তানিকারী দেশের সরকার স্বীকৃত স্বাস্থ্য সনদ ইস্যুকারী প্রতিষ্ঠানের নাম ও ঠিকানা (ওয়েবসাইটসহ): | : | ............................ |

**সংযুক্তি** : (ক) হ্যাচারির রেজিস্ট্রেশন সনদের কপি।
(খ) আমদানিকারির বৈধ লাইসেন্সের কপি।
(গ) উৎপাদনকারী বা রপ্তানিকারী প্রতিষ্ঠানের প্রজননক্ষম/মৎস্য বীজবাহারি মৎস্য/ডিম্বাণু/শুক্রাণু/টিস্যু/ ক্রায়োপ্রিজার্ভড/মৎস্যপণ্য/উপকারি জীবাণু এর ওপর উৎপাদন, লালন পালন, সংরক্ষণ ও ব্যবস্থাপনা সংক্রান্ত ব্রোশিওর বা প্রকাশনা।
(ঘ) স্বাস্থ্য সনদের নমুনা কপি।

আমি বা আমরা আমদানিকৃত প্রজননক্ষম/মৎস্য বীজ/বাহারি মৎস্য/ডিম্বাণু/শুক্রাণু/টিস্যু/ক্রায়োপ্রিজার্ভড/মৎস্যপণ্য/উপকারি জীবাণু যে উদ্দেশ্যে আনয়ন করা হইয়াছে উহা ভিন্ন অন্য কোনো উদ্দেশ্যে ব্যবহার করা হইবে না এবং মৎস্য সঙ্গনিরোধ আইন, ২০১৮ বা এই বিধির বা দেশে বলবৎ অন্য কোনো আইনের বিধান মানিয়া চলিতে বাধ্য থাকিব।

তারিখ: আমদানিকারক/প্রতিনিধির স্বাক্ষর ও সিল

ফরম-২
[বিধি ৮(৩) দ্রষ্টব্য]
গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মৎস্য অধিদপ্তর/..............................
মৎস্য ভবন
রমনা, ঢাকা/............................
আমদানি অনুমতিপত্র

নং:.................. তারিখ:............................

প্রাপক:

মৎস্য সঙ্গনিরোধ বিধিমালা, ২০২৪ এর বিধি ৪ এর উপ-বিধি (৩) মোতাবেক এতদ্দ্বারা জনাব/...................................মেসার্স..................................ঠিকানা............................ ............................ কে নিম্নবর্ণিত শর্তাবলি সাপেক্ষে নিম্নবর্ণিত মৎস্য, মৎস্যপণ্য, উপকারি জীবাণু বা প্যাকিং দ্রব্যাদি/কনসাইনমেন্ট আমদানি করিবার অনুমতি প্রদান করা হইল-

| | | |
|---|---|---|
| পরিবহনের ধরন | : | .......................................................... |
| আমদানিকারকের নাম ও ঠিকানা | : | .......................................................... |
| উৎপাদনকারী দেশ | : | .......................................................... |
| পুনঃ রপ্তানিকারক দেশ (প্রযোজ্য ক্ষেত্রে) | : | .......................................................... |
| প্রবেশ বন্দর | : | .......................................................... |
| পরিমাণ, প্যাক সাইজ | : | .......................................................... |

১। এই আমদানি অনুমতিপত্র প্রদানের তারিখ হইতে অনধিক ৬ (ছয়) মাসের মধ্যে মৎস্য ও মৎস্যজাত দ্রব্যাদি বা কনসাইনমেন্ট আমদানি করিতে হইবে।

২। আমদানিকৃত দ্রব্যের উৎপাদনকারী বা প্রযোজ্য ক্ষেত্রে, পুনঃরপ্তানিকারক দেশের উপযুক্ত কর্তৃপক্ষ কর্তৃক প্রদত্ত এই মর্মে মৎস্য স্বাস্থ্য সনদপত্র থাকিতে হইবে যে, উক্ত মৎস্য, মৎস্যপণ্য, উপকারি জীবাণু বা প্যাকিং দ্রব্যাদি সম্পূর্ণভাবে ক্ষতিকর জীবাণু ও রোগবালাই মুক্ত করা হইয়াছে।

৩। দেশের অভ্যন্তরে প্রবেশের পূর্ব কনসাইনমেন্টটি পরীক্ষাপূর্বক ক্ষতিকর জীবাণু ও রোগ বালাই হইতে মুক্ত পাওয়া গেলে ছাড়করণ করা হইবে অন্যথায় ............................... কেন্দ্র এর মৎস্য সঙ্গনিরোধ কর্মকর্তা পরীক্ষাপূর্বক বা শোধনের পর ছাড়পত্র প্রদান করিবেন, অথবা আমদানিকারককে ফেরৎ প্রদান করিবেন অথবা আমদানির শর্ত পূরণ করিতে ব্যর্থ হইলে মৎস্য সঙ্গনিরোধ আইন, ২০১৮ বা এই বিধিমালার বিধান অনুযায়ী আটক, বাজেয়াপ্ত করিবার বা ধ্বংস, অপসারণ বা প্রয়োজনীয় অন্য যে কোনো ব্যবস্থা গ্রহণ করিবার নির্দেশনা প্রদান করা যাইবে এবং উক্ত প্রক্রিয়ার যাবতীয় খরচ আমদানিকারককে বহন করিতে হইবে।

৪। নিম্নবর্ণিত অতিরিক্ত শর্তাবলি মৎস্য স্বাস্থ্য সনদপত্রে উল্লেখ থাকিতে হইবে........................

৫। ..................................................................................................

তারিখ

উপপরিচালক
স্বাক্ষর ও সীল

বরাবর,

কমিশনার/যুগ্মকমিশনার/উপ-কমিশনার/সহকারী কমিশনার, কাস্টম হাউজ, ..................

নং :.................... তারিখ :..................

অনুলিপি :

১. মহাপরিচালক, মৎস্য অধিদপ্তর, বাংলাদেশ।

২। জনাব/মেসার্স .....................................................

ফরম-৩
[বিধি ৮(৩) দ্রষ্টব্য]
গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মহাপরিচালকের কার্যালয়
মৎস্য অধিদপ্তর
মৎস্য ভবন, রমনা, ঢাকা।
আমদানি অনুমতিপত্র (গবেষণা এবং শিক্ষামূলক কাজের জন্য)

পত্র নং:.................................. তারিখ:.............................
প্রাপক: ..................................
সূত্র:....................................... তারিখ:............................

মৎস্য সঙ্গনিরোধ বিধিমালা, ২০২৪ এর বিধি ৪ এর উপ-বিধি (৩) (ক) মোতাবেক এতদ্দ্বারা জনাব/মেসার্স.....................................................................................................ঠিকানা... ....................................................... কে নিম্নবর্ণিত শর্তাবলি সাপেক্ষে নিম্নবর্ণিত মৎস্য, মৎস্যপণ্য, উপকারি জীবাণু বা প্যাকিং দ্রব্যাদি কনসাইনমেন্টটি করিবার অনুমতি প্রদান করা হইল।

| | | |
|---|---|---|
| পরিবহনের ধরন | : | ............................................. |
| কনসাইনারের নাম ও ঠিকানা | : | ............................................. |
| উৎপাদনকারী দেশ | : | ............................................. |
| প্রবেশ পথ | : | ............................................. |
| গবেষণা এবং শিক্ষামূলক কাজের জন্য মৎস্য, মৎস্যপণ্য, উপকারি জীবাণু বা প্যাকিং দ্রব্যাদি মৎস্য চাষ বা অন্যান্য কাজের জন্য আমদানি করা হইবে উহার নাম | : | ............................................. |
| মাছের প্রজাতির বর্ণনা (সাধারণ এবং বৈজ্ঞানিক নাম) (সুনির্দিষ্ট) | : | ............................................. |
| পরিমাণ (ওজন/সংখ্যা) | : | ............................................. |

১। আমদানি অনুমতিপত্র অনুমোদনের তারিখ হইতে অনধিক ৬ (ছয়) মাসের মধ্যে দ্রব্যটি আমদানি করিতে হইবে।

২। আমদানিকৃত দ্রব্যের উৎপাদনকারী দেশের উপযুক্ত কর্তৃপক্ষ কর্তৃক প্রদত্ত মৎস্য স্বাস্থ্য সুরক্ষা সনদপত্রে উল্লেখ থাকিতে হইবে যে, উক্ত দ্রব্যটি সম্পূর্ণরূপে অতিরিক্ত ঘোষণাপত্রে উল্লিখিত ক্ষতিকর জীবাণু ও বালাই মুক্ত অথবা উক্ত দ্রব্যাদির উৎপাদনকারী দেশে নিম্নবর্ণিত রোগবালাই এর উপস্থিতি নাই।

(১)..........................................................
(২) .................................................................
(৩) ...................................................................................

৩। আমদানিকৃত দ্রব্য দেশের অভ্যন্তরে প্রবেশের পূর্বে প্রবেশ পথে নিয়োজিত মৎস্য সঙ্গনিরোধ কর্মকর্তা কর্তৃক পরীক্ষিত হইতে হইবে এবং যদি আমদানি অনুমতিপত্রে উল্লিখিত শর্তাবলি রপ্তানিকারক দেশ কর্তৃক প্রদত্ত মৎস্য স্বাস্থ্য সুরক্ষা সনদপত্রের সহিত সামঞ্জস্যপূর্ণ হয় তাহা হইলে কনসাইনমেন্টটি ছাড়করণের উপযুক্ত বলিয়া গণ্য হইবে।

৪। আমদানিকৃত দ্রব্যাদি/কনসাইনমেন্টটি হইতে নির্ধারিত প্রটোকল ও পদ্ধতির মাধ্যমে ল্যাবরেটরি পরীক্ষা এবং প্রবেশোত্তর সঙ্গনিরোধ পরীক্ষা করিবার জন্য নমুনা সংগ্রহ করিতে হইবে।

তারিখ : উপপরিচালক
স্বাক্ষর ও সীল

বরাবর,

কমিশনার/যুগ্মকমিশনার/উপ-কমিশনার/সহকারী কমিশনার, কাস্টম হাউজ, ...........................

১. মহাপরিচালক, মৎস্য অধিদপ্তর, বাংলাদেশ।

২. জনাব/মেসার্স ...............................................................

ফরম-৪
[বিধি ৮(৬) দ্রষ্টব্য]

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মৎস্য অধিদপ্তর
.........................................

পত্র নং:...................................                    তারিখ:............................

প্রাপক:

........................................................

........................................................

বিষয়: অনুমতিপত্র প্রদানে অসম্মতি জ্ঞাপন

| | | | |
|---|---|---|---|
| ১। | আবেদনকারী ব্যক্তি বা প্রতিষ্ঠানের নাম ও ঠিকানা | : | ..................................... |
| ২। | আবেদনের তারিখ | : | ..................................... |
| ৩। | আবেদনকৃত লাইসেন্সের বিষয় | : | ..................................... |
| ৪। | লাইসেন্স প্রাপ্তির আবেদন অনুমতিপত্র প্রদানে অসম্মতির কারণ | : | ..................................... |
| ৫। | যে তারিখের আদেশে আবেদন না মঞ্জুর করা হইয়াছে। | : | ..................................... |

তারিখ :                    ক্ষমতাপ্রাপ্ত কর্মকর্তার স্বাক্ষর
(সিল মোহর)

ফরম-৫
[বিধি ১৪(৪) দ্রষ্টব্য]

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মৎস্য অধিদপ্তর

**ছাড়পত্র**

মৎস্য সঙ্গানিরোধ কেন্দ্র ..........................................
স্মারক নং : ......................................................... তারিখ : ............................

নিম্নবর্ণিত আমদানিকৃত মৎস্য বা মৎস্যজাত দ্রব্যাদির আমদানি অনুমতিপত্র, স্মারক নং : ................ তারিখ : .......................... এর মাধ্যমে আমদানি করা হইয়াছে এবং সামগ্রিকভাবে পরীক্ষা করার পর ক্ষতিকারক কোনো উপাদান পাওয়া যায় নাই। উহার গুণগত মান বজায় আছে এবং তা ব্যবহার উপযোগী। আমদানিকৃত মৎস্য বা মৎস্যজাত দ্রব্যাদির ছাড়করণের জন্য উপযুক্ত বলিয়া গণ্য হইল।

মৎস্য বা মৎস্যজাত দ্রব্যাদির বিবরণ:

| | | | |
|---|---|---|---|
| ১। | মৎস্য ও মৎস্যজাত দ্রব্যাদির নাম | : | ...................................................... |
| ২। | পরিমাণ (ওজন/সংখ্যা) | : | ...................................................... |
| ৩। | আমদানিকারকের নাম | : | ...................................................... |
| ৪। | উৎপাদনকারী দেশ | : | ...................................................... |
| ৫। | আমদানি অনুমতিপত্রের নম্বর এবং তারিখ | : | ...................................................... |
| ৬। | মৎস্য স্বাস্থ্য সনদপত্র নম্বর এবং তারিখ | : | ...................................................... |
| ৭। | এলসি নম্বর এবং তারিখ | : | ...................................................... |
| ৮। | ইনভয়েস নম্বর ও তারিখ | : | ...................................................... |
| ৯। | বিল অব ল্যাডিং/এয়ারওয়ে বিল | : | ...................................................... |
| ১০। | মৎস্য সঙ্গানিরোধের জন্য গৃহীত কার্যক্রম | : | ...................................................... |
| ১১। | আমদানিকারকের নাম ও ঠিকানা | : | ...................................................... |

স্বাক্ষর..................................
মৎস্য সঙ্গানিরোধ কর্মকর্তার নাম ও পদবি..............

বরাবর,
কমিশনার/যুগ্মকমিশনার/উপ-কমিশনার/সহকারী কমিশনার, কাস্টম হাউজ, .........................

তারিখ: ..................................

নং.................................

অনুলিপি:

১. জনাব/মেসার্স..........................................................................................

২. পরিচালক/উপপরিচালক/সঙ্গানিরোধ রোগতত্ত্ববিদ মৎস্য সঙ্গানিরোধ কেন্দ্র:.......................

স্বাক্ষর..............................

মৎস্য সঙ্গানিরোধ কর্মকর্তার নাম ও পদবি..............

তফসিল-৫
[বিধি-১৩ দ্রষ্টব্য]

(ক) আমদানিকৃত মৎস্য, মৎস্যপণ্য, উপকারী জীবাণু বা প্যাকিং দ্রব্যাদি পরিদর্শন ফি:

| ক্রমিক নং | পণ্য বা কার্যক্রম এর বিবরণ | একক প্রতিটি (প্রতি লট) | ফি (টাকা) |
|---|---|---|---|
| (১) | (২) | (৩) | (৪) |
| ১ | মৎস্য, মৎস্যপণ্য, উপকারী জীবাণু বা প্যাকিং দ্রব্যাদি পরিদর্শন (Organoleptic Test) | প্রতিটি লট | ১০০০/- |

(খ) আমদানিকৃত মৎস্য, মৎস্যপণ্য, উপকারী জীবাণু প্যাকিং দ্রব্যাদির সঙ্গানিরোধ (Isolatioon and confined) বা শোধন ফি:

| ক্রমিক নং | পণ্য বা কার্যক্রম এর বিবরণ | একক (প্রতি লট প্রতিটি) | ফি (টাকা) |
|---|---|---|---|
| (১) | (২) | (৩) | (৪) |
| ১. | জীবিত মাছের রেণু (একুয়ারিয়াম ফিস এবং অন্যান্য | প্রতি লট (১ কেজি পর্যন্ত) | ১৫০০/- |
| ২. | মাছের রেণু) | প্রতি লট (১ কেজির উর্ধ্বে) | ২৫০০/- |
| ৩. | জীবিত মাছ (একুয়ারিয়াম ফিস এবং অন্যান্য মাছ (কুঁচিয়া ব্যতীত) | প্রতি লট (১—৫০০ টি পর্যন্ত (প্রতিটি মাছের ওজন ১—১০ গ্রামের মধ্যে) | ১০০০/- |
| | | প্রতি লট ১—২০০ টি পর্যন্ত (প্রতিটি মাছের ওজন ১১—৩০ গ্রামের মধ্যে) | ১৫০০/- |
| | | প্রতিটি (প্রতিটি মাছের ওজন ৩১—১০০ গ্রামের মধ্যে) | ৩০/- |
| | | প্রতিটি (প্রতিটি মাছের ওজন ১০০ গ্রামের উর্ধ্বে) | ১০০/- |
| ৪. | জীবিত কুঁচিয়া | প্রতি লট ১—১০০ কেজি পর্যন্ত | ১০০০/- |
| | | ১০০ কেজির উর্ধ্বে | ২০০০/- |
| ৫. | জীবিত স্বাদু ও লবণাক্ত পানির চিংড়ি | প্রতি লট ১—১০০০ টি পর্যন্ত (প্রতিটি চিংড়ির ওজন ১—২০ গ্রামের মধ্যে) | ১০০০/- |
| | | প্রতি লট ১—৫০০ টি পর্যন্ত (প্রতিটি চিংড়ির ওজন ২০ গ্রামের উর্ধ্বে) | ১৫০০/- |
| ৬. | জীবিত কচ্ছপ (Tortoise) | প্রতি লট ১—১০০ টি পর্যন্ত | ৮০০/- |
| ৭. | জীবিত কাছিম (Turtles/Terrapins) | প্রতি লট ১—১০০ টি পর্যন্ত | ৮০০/- |
| ৮. | জীবিত কুমির | প্রতিটি | ২৫০০/- |

| ক্রমিক নং | পণ্য বা কার্যক্রম এর বিবরণ | একক (প্রতি লট প্রতিটি) | ফি (টাকা) |
|---|---|---|---|
| (১) | (২) | (৩) | (৪) |
| ৯. | জীবিত কাঁকড়া জাতীয় প্রাণী (Crustaceans) | প্রতি লট ১—১০০ কেজি পর্যন্ত | ১০০০/- |
| | | ১০০ কেজির উর্ধ্বে | ২০০০/- |
| ১০. | জীবিত শামুক/ঝিনুক জাতীয় জলজ প্রাণী (Molluscs) | প্রতি লট ১—১০০ কেজি পর্যন্ত | ১০০০/- |
| | | ১০০ কেজির উর্ধ্বে | ২০০০/- |
| ১১. | মাছের জীবিত খাদ্য (Live Fish Feed-পলিকীট, নেমাটোড এবং অন্যান্য অমেরুদণ্ডী প্রাণী) | প্রতি লট ১—৫০ কেজি পর্যন্ত | ১০০০/- |
| | | প্রতি লট ৫১—১০০ কেজি পর্যন্ত | ২০০০/- |
| | | ১০০ কেজির উর্ধ্বে পরবর্তী প্রতি কেজি | ২০/- |
| ১২. | উপকারী জীবাণু (উপকারী ব্যাকটেরিয়া, ভাইরাস, ছত্রাক ইত্যাদি) | প্রতি লট ১—৫০ কেজি পর্যন্ত | ১৫০০/- |
| | | ৫০ কেজির উর্ধ্বে পরবর্তী প্রতি কেজি | ৩০/- |
| ১৩. | অর্ধ-নিষিক্ত ডিম/নিষিক্ত ডিম্বাণু বা শুক্রাণু বা টিস্যু (ক্রায়োপিজার্ভডসহ) | প্রতি লট ১—১০ কেজি পর্যন্ত | ২০০০/- |
| | | ১০ কেজির উর্ধ্বে পরবর্তী প্রতি কেজি | ২০০/- |
| ১৪. | প্যাকিং দ্রব্যাদি | প্রতি লট ১—২০০ কেজি পর্যন্ত | ২০০০/- |

(গ) উল্লিখিত ফি এর সাথে প্রযোজ্য ক্ষেত্রে সরকার নির্ধারিত ভ্যাট অথবা অন্যান্য ফি প্রদেয় হইবে;

(ঘ) আমদানিকৃত মৎস্য, মৎস্যপণ্য, উপকারী জীবাণু, প্যাকিং দ্রব্যাদির অণুজীব পরীক্ষা ফি: মৎস্য ও মৎস্যপণ্য (পরিদর্শন ও মান নিয়ন্ত্রণ) বিধিমালা, ১৯৯৭ বা এতদ্‌সংক্রান্ত বিদ্যমান আইন, বিধি দ্বারা প্রতিটি নমুনার জন্য নির্ধারিত পরীক্ষা ফি প্রযোজ্য হইবে; এবং

(ঙ) আমদানিকৃত মৎস্য, মৎস্যপণ্য, উপকারী জীবাণু বা প্যাকিং দ্রব্যাদি ধ্বংস বা অপসারণের জন্য ফি: এ সংক্রান্ত প্রকৃত ব্যয় সংশ্লিষ্ট আমদানিকারক বহন করিবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**সাঈদ মাহমুদ বেলাল হায়দর**
সচিব।

মোঃ তাজিম-উর-রহমান, উপপরিচালক (উপসচিব), বাংলাদেশ সরকারী মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা কর্তৃক মুদ্রিত।
মোঃ নজরুল ইসলাম, উপপরিচালক (উপসচিব), বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস, তেজগাঁও,
ঢাকা কর্তৃক প্রকাশিত। website: www.bgpress.gov.bd